ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২২

পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটেড

(নিবন্ধন নং-৫৪, তারিখ ঃ ১১/১০/১৯৯০ খ্রিঃ)

ঠিকানা ঃ শাহনাওয়াজ ভবন (দোতলা), ৯/সি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

স্মারক নং-নি/ক-২০২২/১ তারিখ ঃ ১০/০৯/২০২২ খ্রিঃ।

এতদ্বারা "পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটেড" এর সম্মানিত সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির গত ১০/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও জারীকৃত নির্বাচন সংক্রান্ত বিশেষ সাধারন সভার নোটিশ অনুসারে আগামী ১৫/১০/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকায় বিশেষ সাধারণ সভায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী ০১(এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ১০(দশ) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সর্বমোট ১২(বার) টি পদে ১২(বার) জন প্রার্থী সমিতির সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

জেলা সমবায় অফিসার, ঢাকা মহোদয় কর্তৃক আদেশ নং-৪৭.৬১.২৬.০০.০০০.৩৩.৯৭/৯০-৩১৬৫, তারিখ-০৪/০৯/২০২২ খ্রিঃ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ১০/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭(১) বিধি অনুসারে নিম্নরূপ তফসিল ঘোষণা করা হ'ল ঃ

নির্বাচনী তফসিল-২০২২ খ্রিঃ

ক্র নং	বিবরণ	তারিখ	সময়	স্থান
১।	মনোনয়নপত্র বিতরণ	২০/০৯/২০২২ খ্রিঃ ২১/০৯/২০২২ খ্রিঃ	বেলা-২.০০ ঘটিকা হতে বিকাল-৪.০০ ঘটিকা পর্যন্ত	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।
২।	মনোনয়নপত্র দাখিল	২৫/০৯/২০২২ খ্রিঃ ২৬/০৯/২০২২ খ্রিঃ	বেলা-২.০০ ঘটিকা হতে বিকাল-৪.০০ ঘটিকা পর্যন্ত	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।
৩।	মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ থাকেন)	২৭/০৯/২০২২ খ্রিঃ	বেলা-২.০০ ঘটিকা হতে	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।
৪।	বৈধ এবং বাতিলকৃত প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ	২৮/০৯/২০২২ খ্রিঃ	বিকাল ৪.০০ ঘটিকা	সমিতির নোটিশ বোর্ড
৫।	প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল	২৯/০৯/২০২২ খ্রিঃ ০২/১০/২০২২ খ্রিঃ	অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত)	জেলা সমবায় কার্যালয়, ঢাকা (সমবায় ভবন, ২য় তলা, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা)।
৬।	আপীলের শুনানী	০৩/১০/২০২২ খ্রিঃ ০৪/১০/২০২২ খ্রিঃ ০৬/১০/২০২২ খ্রিঃ	আপীলাত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়	ঐ
৭।	আপীলের রায় ঘোষনা	০৬/১০/২০২২ খ্রিঃ	শুনানী শেষে	ঐ
৮।	বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ	০৮/১০/২০২২ খ্রিঃ	রায় ঘোষনার পর	সমিতি নোটিশ বোর্ড
৯।	প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে)	০৯/১০/২০২২ খ্রিঃ	বেলা-২.০০ ঘটিকা হতে বিকাল-৪.০০ ঘটিকা পর্যন্ত	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।
১০।	বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে)	১০/১০/২০২২ খ্রিঃ	বিকাল-০৫.০০ ঘটিকা	সমিতি নোটিশ বোর্ড
১১।	বৈধ প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণের মধ্যে প্রতীক বিতরণ	১১/১০/২০২২ খ্রিঃ	বেলা ৩.০০ ঘটিকা হতে	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।
১২।	প্রার্থীগণের চূড়ান্ত তালিকা প্রকাশ	১২/১০/২০২২ খ্রিঃ	বিকাল-০৪.০০ ঘটিকা	সমিতি নোটিশ বোর্ড
১৩।	বুথ পরিদর্শন	১৪/১০/২০২১ খ্রিঃ	বেলা-০৩.০০ ঘটিকা	ভোট কেন্দ্র
১৪।	ভোট গ্রহণ	১৫/১০/২০২২ খ্রিঃ	সকাল-১০.০০ ঘটিকা হতে বিকাল-০৪.০০ ঘটিকা পর্যন্ত	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।
১৫।	ভোট গণনা ও ফলাফল প্রকাশ	১৫/১০/২০২২ খ্রিঃ	ভোট গ্রহনের পর	লিলিপড সেন্টার (১০ম তলা), ৩ আর.কে.মিশন রোড, মতিঝিল, ঢাকা।

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমুহ ঃ

ক্রঃনং	পদের নাম	প্রতীক সমুহ
০১।	সভাপতি	চেয়ার, ছাতা, বাইসাইকেল, চাকা, বই।
০২।	সহ-সভাপতি	আনারস, হারিকেন, উড়োজাহাজ, ফ্রিজ, মিনার, তলোয়ার।
০৩।	ব্যবস্থাপনা কমিটির সদস্য	টেলিভিশন, কলস, হাতি, টিয়া পাখি, হাঁস, হরিণ, বট গাছ, মোরগ, ফুটবল, বাস, হাত ঘড়ি, মোবাইল ফোন, বোতল, কলম, আম, ঘুড়ি, গোলাপফুল, মাছ, দেয়ালঘড়ি, ঠেলা গাড়ী, কাপ-পিরিচ, ঘোড়া, মোটর সাইকেল।।

নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় সমূহ ঃ

১। পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড এর আগামী ১৫/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের লক্ষ্যে মনোনয়নপত্রের ফরম বিতরণ ও জমা গ্রহণ, বাছাই, বৈধ এবং বাতিলকৃত প্রার্থীগণের তালিকা প্রকাশ, চূড়ান্ত বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ ও প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে প্রতীক বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্বাচন কমিটি কর্তৃক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে এবং আপীল আবেদন দাখিল, শুনানী গ্রহণ ও আপীলের রায় প্রদান জেলা সমবায় অফিসার, ঢাক মহোদয়ের কার্যালয়ে (সমবায় ভবন, ২য় তলা, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭) অনুষ্ঠিত হবে।

২। সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ফি রশিদ মূলে পরিশোধ স্বাপেক্ষে তফসিলে বর্ণিত স্থান, তারিখ ও সময়ে নির্বাচন কমিটির নিকট থেকে মনোনয়নপত্রের ফরম সংগ্রহ করতঃ রশিদ এর কপি মনোনয়নপত্রের ফরমের সাথে সংযুক্ত পূর্বক দাখিল করতে হবে।

৩। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৭(৬), ১৮(৮), ১৯ এবং ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮ বিধি অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

৪। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রের ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে নির্ভুলভাবে পূরণ করতঃ তফসিলে বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রের ফরমে প্রার্থীর স্বাক্ষর সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত মনোনয়নপত্রের ফরম গ্রহনযোগ্য হবে না।

৫। মনোনয়নপত্রের ফরমের সাথে প্রার্থীর ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপিসহ সকল সংযুক্ত কাগজপত্রে অভিন্ন তথ্য থাকতে হবে। প্রার্থীর ছবি সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৬। অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য পরিবেশন করা, নির্বাচন কমিটির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলপত্র মনোনয়নপত্রের ফরমের সাথে সংযুক্ত না করা এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্রের ফরম বাতিল বলে গণ্য হবে। এছাড়া প্রার্থীকে সমিতির উপ-আইনে উল্লেখিত অন্যান্য যোগ্যতা পুরণ করতে হবে।

০৭। মনোনয়নপত্রে প্রার্থীর প্রদত্ত তথ্য সমিতির রেকর্ডপত্র এবং সংযুক্ত প্রমানাদির সাথে অভিন্ন হতে হবে, অন্যাথায় প্রার্থীর মনোনয়নপত্রের ফরম বাতিল বলে গণ্য হবে।

৮। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবি করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন। নির্ধারিত প্রতীকের তুলনায় প্রার্থীর সংখ্যা বেশি হলে নির্বাচন কমিটি অতিরিক্ত নতুন প্রতীক নির্ধারন পূর্বক বরাদ্দ প্রদান করবেন।

৯। ভোটার তালিকায় অর্ন্তভূক্ত নেই এমন কোন সদস্য নির্বাচনে অংশগ্রহন বা ভোট প্রদান করতে পারবেন না।

১০। নির্বাচন কমিটি কর্তৃক জারিকৃত নির্বাচনী আচরণ বিধি সকল প্রার্থী এবং সদস্যকে মেনে চলতে হবে।

১১। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

(স্বাক্ষরিত) ২০/০৯/২২
(রোকেয়া বেগম বীথি)
প্রশিক্ষক
জেলা সমবায় কার্যালয়, ঢাকা
ও
সদস্য, নির্বাচন কমিটি,
পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড।

(স্বাক্ষরিত) ২০/৯/২২
(শরীফ মোখলেছুর রহমান)
পরিদর্শক,
জেলা সমবায় কার্যালয়, ঢাকা
ও
সদস্য, নির্বাচন কমিটি,
পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড।

(স্বাক্ষরিত) ২০/৯/২২
(মোঃ ফরহাদ হোসেন)
মেট্রোপলিটন থানা সমবায় অফিসার,
রমনা, ঢাকা
ও
সভাপতি, নির্বাচন কমিটি,
পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড।

স্মারক নং-নি/ক-২০২২/১

তারিখ ঃ ১০/০৯/২০২২ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। জনাব ...., সদস্য নং-...................., পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড।
২। সভাপতি/সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড। তাঁকে জারীকৃত নির্বাচনী তফসিলের অনুলিপি সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের নিকট যথাযথ পদ্ধতিতে প্রেরণ নিশ্চিত করে প্রমানক সংরক্ষণ করাসহ ও তফসিলটির বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৩। মেট্রোঃ থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা।
৪। জেলা সমবায় অফিসার, ঢাকা ও আপীলাত কর্তৃপক্ষ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সমিতির নোটিশ বোর্ড।

(স্বাক্ষরিত) ২০/৯/২২
(মোঃ ফরহাদ হোসেন)
মেট্রোপলিটন থানা সমবায় অফিসার,
রমনা, ঢাকা
ও
সভাপতি, নির্বাচন কমিটি,
পিপলস ক্রেডিট কো-অপারেটিভ লিমিটিড।
মোবাইল-০১৮১৮২৮৭৬১৪।